দৈনিক সংবাদ

তারিখ ... 11 AUG 1997 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

খুলনা বিশ্ববিদ্যালয়

# অধ্যাপক ও রেজিস্ট্রারের বাসায় ফোনে হুমকি

(নিজস্ব বার্তা পরিবেশক)

খুলনা, ১০ই আগস্ট।–আজ সকালে খুলনা বিশ্ববিদ্যালয়ের একজন সহকারী অধ্যাপক ও রাতে রেজিস্ট্রারের বাসায় অজ্ঞাতপরিচয় ব্যক্তিরা টেলিফোনে মারাত্মকভাবে হুমকি দিয়েছে।

খুলনা বিশ্ববিদ্যালয়ের ফরেস্ট্রি এ্যান্ড উড টেকনোলজি ডিসিপ্লিনের সহকারী অধ্যাপক ডঃ মিজানুর রহমানের বাসায় সকাল সোয়া ৮টার দিকে টেলিফোনে হুমকি দেয়া হয়। এই ঘটনার পর বিকেলে বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত শিক্ষকদের এক সভায় তীব্র নিন্দা জানিয়ে এ ধরনের হুমকির পথ থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক করে দেয়া হয় এবং এই ঘটনার সঙ্গে উপাচার্য ডঃ গোলাম আলী ফকির, যাকে সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের অফিস থেকে শিক্ষকরা বের করে দিয়েছেন তার হাত রয়েছে বলে অভিযোগ করা হয়েছে। সোনাডাঙ্গা থানায় দায়েরকৃত ডিজিতেও এই কথা উল্লেখ করা হয়েছে।

এদিকে আজ রাতে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ডঃ এস, এম আবুবকরের বাসায়ও টেলিফোনে হুমকি দেয়া হয়।

খুলনা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য আবদুর রাজ্জাক সরদার ( ট্রেজারার)–এর সঙ্গে যোগাযোগ করা হলে হুমকি দেয়ার কথা স্বীকার করেন। এই ঘটনার পর সংশ্লিষ্ট দু'জনের বাড়িতে এবং অন্য কয়েকজন গুরুত্বপূর্ণ শিক্ষকের বাড়িতে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব নিরাপত্তা প্রহরী মোতায়েন করা হয়েছে। কেননা শিক্ষকদের এবং তাদের পরিবারের সদস্যদের মধ্যে ইতোমধ্যে আতংকের সৃষ্টি হয়েছে। এর আগে ডঃ খায়রুল আলম নামের এক শিক্ষকের বাসায় টেলিফোনে হুমকি ও ফাঁকা গুলিবর্ষণ করা হয়েছিল।